১.০ **উত্তম চর্চার শিরোনাম:**

নবনিযুক্ত কর্মকর্তা-কর্মকর্তাদের ওরিয়েন্টশন ও ফাউন্ডেশন প্রশিক্ষণ এবং সাইট ভিজিটের ব্যবস্থাকরণ।

২.০ **উত্তম চর্চার বিবরণ:**

২.১ **সমস্যা:**

২.১.১ ওরিয়েন্টেশন ও ফাউন্ডেশন প্রশিক্ষণ অতীব গুরুত্বপূর্ণ। কেননা, ইহা নতুন কর্মকর্তা/কর্মচারিদের সংস্থা সম্পর্কে সম্যক ধারণা প্রদানে ভূমিকা রাখে। ওরিয়েন্টেশন ও ফাউন্ডেশন প্রশিক্ষণ ব্যতীত কর্মকর্তা/কর্মচারিগণ তাদের নতুন চাকরি, কর্মক্ষেত্র, সহকর্মী ইত্যাদি সম্পর্কে সম্পূর্ণ অজ্ঞ থাকেন। বিধায় তারা পারস্পরিক সম্ভাব সৃজনে ও সুপ্ত দক্ষতা প্রদর্শনে অপেক্ষাকৃত অনেক সময় নিয়ে থাকেন।

২.১.২ পেট্রোবাংলা একটি highly technical organization. প্রশাসন, অর্থ, কারিগরি কর্মকান্ডের দক্ষ সমন্বয়ই এর অগ্রগতি। কিন্তু বিভিন্ন বিভাগের কর্মকর্তাদের পেট্রোবাংলার বিভিন্ন কার্যক্রম সম্পর্কে সরেজমিন পরিদর্শন ব্যতীত দক্ষতার সুসমন্বয় সম্ভব নয়। এছাড়া, পেট্রোবাংলায় কর্মরত হিসেবে পেট্রোবাংলার কার্যক্রম সম্পর্কে সম্যক ধারণা না থাকায়, নবনিযুক্ত কর্মকর্তা ও কর্মচারিগণ বাইরের বিভিন্ন জনের নিকট হতে পেট্রোবাংলা সম্পর্কে বিভিন্ন প্রশ্নে বিব্রত হন। পেট্রোবাংলা কর্তৃপক্ষ এসব বিষয় বিবেচনা করে ওরিয়েন্টেশন ও সাইট ভিজিটের ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয়তা অনুভব করে।

২.২ **সমাধান:**

২.২.১ পেট্রোবাংলা কর্তৃপক্ষ ২০১৮ সালে নবনিযুক্ত কর্মচারিদের পেট্রোবাংলা কনফারেন্স রুমে একটি ওরিয়েন্টেশনের আয়োজন করে। এছাড়া, তাত্ত্বিক জ্ঞানলব্ধ এসব কর্মচারিদের বাস্তব জ্ঞানার্জনের সুবিধার্থে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এ ফাউন্ডেশন প্রশিক্ষণের আয়োজন করা হয়।

২.২.২ পেট্রোবাংলায় নবনিযুক্ত কর্মকর্তাদের নিয়ে ২০১৮ সালে বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানী লিঃ-এর আওতাধীন হবিগঞ্জ গ্যাস ফিল্ড পরিদর্শনের ব্যবস্থা করা হয়। তারা গ্যাস উৎপাদন কার্যক্রম সম্পর্কে সরেজমিনে জ্ঞান লাভ করেন।

২.৩ **ফলাফল:**

২.৩.১ প্রশিক্ষণের ফলে নবনিযুক্ত কর্মকর্তা ও কর্মচারিগণ তাদের সহকর্মী ও উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে ভদ্র ও মার্জিত আচরণ করে থাকেন। নথি উপস্থাপনে তারা যথেষ্ট দক্ষতার পরিচয় দিয়ে থাকেন। হবিগঞ্জ গ্যাস ফিল্ড সরেজমিনে পরিদর্শনের ফলে কর্মকর্তাগণ গ্যাস উৎপাদন, বন্টন, সঞ্চালন প্রভৃতি কাজ সম্পর্কে বাস্তব জ্ঞানলাভ করেন এবং বাইরের লোকের নিকট হতে পেট্রোবাংলা সম্পর্কে কোন প্রশ্নে বিব্রতবোধ করেন না।

৩.০ **প্রমাণক(দলিলাদি সংযুক্ত):**

২২.৯.২০১৯

রনজিত কুমার সরকার
মহাব্যবস্থাপক (সংস্থাপন)
পেট্রোবাংলা, ঢাকা।

১.০ **উত্তম চর্চার শিরোনাম:**

অবসরগ্রহণকারী কর্মকর্তাদের জন্য অপেক্ষমাণ কক্ষ নির্মাণ।

২.০ **উত্তম চর্চার বিবরণ:**

২.১ **সমস্যা:**

২.১.১ সংস্থায় কর্মরত কর্মকর্তাগণ নির্দিষ্ট মেয়াদান্তে যথানিয়মে চাকরি হতে অবসর গ্রহণ করে থাকেন। তাদের জীবনের মূল্যবান সোনালী দিনসহ অধিকাংশ সময় সংস্থার কাজে নিয়োজিত থেকে সংস্থা, তথা- দেশ ও জাতির সেবা করে গেছেন। দেশের অগ্রগতিতে অবদান রেখেছেন।

২.১.২ চাকরি পরবর্তী জীবনে বিভিন্ন প্রয়োজনে, যেমন- পেনশনের টাকা উত্তোলন, চাকরি সংশ্লিষ্ট বিভিন্ন সনদ-পত্রাদি সংগ্রহ ইত্যাদি কাজে তাদেরকে অফিসে যাতায়াত করতে হয়। দীর্ঘকাল ধরে চাকরি করায় অনেক সহকর্মীর সাথে তাদের মতানৈক্য থাকতে পারে। এছাড়া, কর্মরত সকল কর্মকর্তাই তাদের তুলনায় কম বয়সী। এসব কারণে কর্মরত সহকর্মীদের কক্ষে বসে অলস সময় কাটানো তাদের জন্য বিব্রতকর। তাছাড়া, অবসরপ্রাপ্ত কর্মকর্তাদের এরূপ অপেক্ষার কারণে কর্মরত সহকর্মীও অস্বস্তিবোধ করতে পারেন।

২.১.৩ পেট্রোবাংলা কর্তৃপক্ষ এসব বিষয় বিবেচনা করে অবসরপ্রাপ্ত কর্মকর্তাদের জন্য পেট্রোবাংলায় একটি অপেক্ষমাণ কক্ষ নির্মাণের প্রয়োজনীয়তা অনুভব করে।

২.২ **সমাধান:**

২.২.১ পেট্রোবাংলা কর্তৃপক্ষ ২০১৬ সালে পেট্রোসেন্টার ভবনের চতুর্থ তলায় প্রয়োজনীয় সকল সুবিধাসম্বলিত একটি অপেক্ষমাণ কক্ষ নির্মাণ করে।

২.৩ **ফলাফল:**

২.৩.১ অবসরপ্রাপ্ত কর্মকর্তাগণ তাদের জন্য নির্ধারিত অপেক্ষমাণ কক্ষে স্বাচ্ছন্দ্যে অপেক্ষা করে থাকেন। তারা অপেক্ষমাণ কক্ষে আলাপ করে, পত্রিকা পড়ে অবসর সময় কাটান । নির্মিত অপেক্ষমাণ কক্ষ অবসরপ্রাপ্ত কর্মকর্তাদের মাঝে মাঝে এরূপ সাক্ষাৎ, আলাপের সুযোগ করে দিয়ে তাদের পারস্পরিক মমত্ববোধ আমৃত্যু জাগরুক রাখার ভূমিকা পালন করছে।

৩.০ **প্রমাণক(ছবি সংযুক্ত):**

22.৯.২০১৯

রনজিত কুমার সরকার
মহাব্যবস্থাপক (সংস্থাপন)
পেট্রোবাংলা, ঢাকা।

১.০ **উত্তম চর্চার শিরোনাম:**

পেট্রোবাংলার চতুর্থ তলায় রুফটপ বাগান তৈরি।

২.০ **উত্তম চর্চার বিবরণ:**

২.১ **সমস্যা:**

২.১.১ মানবজীবনে জন্ম হতে মৃত্যু পর্যন্ত গাছ পরম সহযোগী ও সঙ্গী। ইসলামের দৃষ্টিতে বৃক্ষরোপণকে 'সদকায়ে জারিয়া' হিসেবে ঘোষণা করা হয়েছে।

২.১.২ অপরিকল্পিত নগরায়নের কারণে বিষিয়ে উঠছে ঢাকার পরিবেশ। এ কারণে শহরের তাপমাত্রার ভারসাম্য রক্ষা, বায়ুদূষণ রোধ, নগরবাসীর স্বাস্থ্য সুরক্ষার জন্য ঢাকা শহরে রুফটপ বাগান তৈরির অনস্বীকার্যতা রয়েছে। বিভিন্ন স্টাডি হতে দেখা যায়- জার্মানীতে শতকরা ১২ ভাগ ছাদ সবুজ এবং টোকিও আইনে সব নতুন ছাদের অন্ততঃ শতকরা ২০ ভাগ সবুজ রাখার কথা বলা হয়েছে। টোকিও সরকারের গবেষণা ও বিশ্লেষণ তথ্যে উল্লেখ করা হয়- যদি তাদের অর্ধেক ছাদ সবুজ হয়, তাহলে প্রতিদিন এয়ারকন্ডিশনে ব্যবহৃত জ্বালানি বাবদ ০১ মিলিয়ন ডলার সাশ্রয় হবে। সিঙ্গাপুরে রুফটপ গার্ডেনিং বিষয়ক এক গবেষণা তথ্যে দেখা গেছে- ০৫ তলা বাণিজ্যিক ভবনের ছাদে একটি বাগানে বছরে জ্বালানি খরচের ০.৬% - ১৪.৫% সাশ্রয় হতে পারে। এছাড়া, অফিসে কর্মরত কর্মকর্তা ও কর্মচারিদের সারাদিনের ক্লান্তি উপশম করতঃ মনকে সতেজ ও সজীব রাখায় সবুজ পরিবেশের ভূমিকা অনস্বীকার্য।

২.১.৩ পেট্রোবাংলা কর্তৃপক্ষ উপর্যুক্ত বিষয়াদি বিবেচনায় এনে পেট্রোবাংলা ভবনের ৪র্থ তলায় বোর্ডরুম সংলগ্ন একটি সুন্দর সবুজ বাগান তৈরির গুরুত্ব অনুধাবন করে।

২.২ **সমাধান:**

২.২.১ জ্বালানি খাতের দায়িত্বপ্রাপ্ত উর্ধ্বতন কর্তৃপক্ষ হতে পেট্রোবাংলার চতুর্থ তলায় বোর্ডরুম সংলগ্ন একটি রুফটপ বাগান তৈরির জন্য অনুরোধ করা হয়। উক্ত অনুরোধের সম্মানার্থে সংস্থাধীন কোম্পানির আর্থিক সহায়তায় পেট্রোবাংলার বোর্ডরুম সংলগ্ন একটি মনোরম সবুজ বাগান তৈরির কাজ সম্পন্ন করা হয়।

২.৩ **ফলাফল:**

২.৩.১ পেট্রোবাংলা আন্তর্জাতিক পরিমন্ডলে স্বনামধন্য তেল কোম্পানির সাথে কাজ করে থাকে। পেট্রোবাংলা বোর্ডরুমে তাদের সাথে নিয়মিত সভা অনুষ্ঠিত হয়ে থাকে। এছাড়া, পেট্রোবাংলা বোর্ডরুমে মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাসহ দেশ-বিদেশের প্রথিতযশা ব্যক্তিবর্গের উপস্থিতিতে বিভিন্ন রকম সভা, সেমিনার, ওয়ার্কসপ প্রভৃতির আয়োজন করা হয়। সর্বোপরি, পেট্রোবাংলার বোর্ডসভা অনুষ্ঠিত হয়। বোর্ডরুম সংলগ্ন এক টুকরা সবুজের সমারোহ সেখানে কর্মরত কর্মকর্তা/দায়িত্বরতদের মনকে সতেজ ও সজীব রাখে। বিধায় তারা অর্পিত দায়িত্ব প্রতিপালনে পরিপূর্ণ মনোযোগ দিতে পারেন। এর ফলে পেট্রোবাংলার কর্মদক্ষতা সন্তোষজনক পর্যায়ে উন্নীত হয়েছে।

৩.০ প্রমাণক(ছবি সংযুক্ত):

22.৯.২০২১

রনজিত কুমার সরকার
মহাব্যবস্থাপক (সংস্থাপন)
পেট্রোবাংলা, ঢাকা।